অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/20/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটজুড়ে পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য নতুন বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তির জন্য আবেদনের অনুরোধ ঘোষণা করলেন

বৃহৎ আকারের ভূমিভিত্তিক নব্যয়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য চূড়ান্ত প্রস্তাবনা 2024 সালের আগস্ট মাসের মধ্যে জমা দিতে হবে

2030 সালের মধ্যে এর বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে পাওয়ার জন্য নিউ ইয়র্কের জলবায়ু আইনের লক্ষ্য অর্জন করার ব্যাপারে অগ্রগতিকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কবাসীদের পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য একটি নতুন বৃহৎ আকারের নবায়ন যোগ্য শক্তির জন্য আবেদন অনুরোধ গ্রহণ করা হচ্ছে। নিউ ইয়র্কের 10 দফা কর্মপরিকল্পনার অনুবর্তী এই আবেদনের অনুরোধটি এমন নতুন বৃহৎ আকারের ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্পের বিকাশের জন্য প্রস্তাবনা খুঁজছে যা কয়েক বিলিয়ন মার্কিন ডলারের পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগ শুরু করে দিবে এবং স্টেটের সবুজ অর্থনীতিতে কয়েক হাজার পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করবে বলে আশা করা যাবে। 2030 সালের মধ্যে নিউ ইয়র্কের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে পাওয়ার জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) লক্ষ্য অর্জন করার ব্যাপারে অগ্রগতিকে আজকের ঘোষণাটি সমর্থন করে।

"নিউ ইয়র্ক এমন একটি পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি তৈরি করছে যা আমাদেরকে নাটকীয়ভাবে নিঃসরণ হ্রাস করতে দিবে এবং একই সাথে কয়েক হাজার নতুন ভালো বেতনের চাকরি তৈরি করবে, কয়েক বিলিয়ন মার্কিন ডলারের অর্থনীতিক প্রবৃদ্ধি সম্ভব করবে এবং আমাদের স্থানীয় সম্প্রদায়সমূহে বেসরকারি বিনিয়োগের সংযোজনের সূচনা করবে," **গভর্নর হোকল বলেন।** "নির্বাচিত হওয়ার পর এইসব প্রকল্প সকল নিউ ইয়র্কবাসীর কল্যাণে সাশ্রয়ী, নির্ভরযোগ্য, নিঃসরণমুক্ত বিদ্যুৎ দ্বারা আমাদের স্টেটের শক্তি প্রদানের আমাদের মিশনকে ত্বরান্বিত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচালিত প্রতিযোগিতামূলক আবেদনের অনুরোধটি হলো ভূমিভিত্তিক বৃহৎ আকারের নবায়নযোগ্য প্রকল্পের একটি পরিকল্পিত সিরিজের মধ্যে সবথেকে সাম্প্রতিক। একটি সমতার শক্তি স্থানান্তর নিশ্চিত করতে এই আবেদনের অনুরোধের

অংশ হিসেবে নবায়নযোগ্য শক্তি অধিগ্রহণের সর্বশেষ রাউন্ডগুলি থেকে NYSERDA মুখ্য ব্যবস্থাসমূহকে অন্তর্ভুক্ত করেছে যেমন মুদ্রাস্ফীতির ইনডেক্সিং, শ্রমের প্রবিধান, স্টেকহোল্ডারদের জড়িতকরণ আবশ্যিকতা, প্রকল্পের নকশায় জলবায়ুর স্থিতিস্থাপকতার গুরুত্বের উপর জোর দিয়ে নতুন আবশ্যিকতা, সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের প্রতিশ্রুতি, কৃষি জমি সংরক্ষণ, এবং পূর্বের আবেদনের অনুরোধে উপস্থাপিত নীতিমালার উদ্দেশ্য বজায় রাখা। আবেদনের অনুরোধের নথিতে এইসব উপাদানের রূপরেখা প্রদান করা হয়েছে এবং অতি দ্রুত কর্মকাণ্ড শুরু করতে ইচ্ছুক, বহু সংখ্যক পরিণত, শেষের দিকের পর্যায়ের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের বিকাশ ও নির্মাণ সমর্থনের জন্য নকশা করা হয়েছে।

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তি প্রকল্প অগ্রসর করার মাধ্যমে, নির্ভরযোগ্য ও পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের ক্ষেত্রে নেতা হিসেবে আমাদের স্টেটকে নিউ ইয়র্ক অতি দ্রুত অগ্রসর করছে।আমাদের নবায়নযোগ্য শক্তির পাইপলাইনকে বলীয়ান করা এবং ভবিষ্যতে আমাদের গ্রিডকে আরো বলীয়ান করার জন্য ক্রমবর্ধমান পরিমাণের নবায়নযোগ্য বিদ্যুৎ সরবরাহ করার ব্যাপারে NYSERDA প্রতিশ্রুতিবদ্ধ।"

ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তির জন্য আবেদনের অনুরোধে প্রস্তাবনা জমা দেওয়ার প্রক্রিয়া দুইটি ধাপে সম্পাদিত হবে, **15 জুলাই, 2024** তারিখে যোগ্যতার আবশ্যিকতা জমা দিতে হবে যা নিশ্চিত করবে যে আগ্রহী প্রকল্পসমূহ প্রস্তাব প্রদান করার জন্য যোগ্য এবং **8 আগস্ট, 2024** এর মধ্যে চূড়ান্ত প্রস্তাবনা জমা দিতে হবে। ভূমিভিত্তিক নবায়নযোগ্য শক্তির জন্য আবেদনের অনুরোধ সম্পর্কে আরো বিস্তারিত NYSERDA এর ওয়েবসাইটে বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তির জন্য আবেদনের অনুরোধের পেজে (Large-Scale Renewables Solicitation) উপলভ্য আছে। শর্তসাপেক্ষে অর্থপ্রাপ্তি সম্পর্কে নির্বাচিত প্রস্তাবনা পেশকারীদের 2024 সালের সেপ্টেম্বর মাসে জানানো হবে বলে আশা করা যাচ্ছে।

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের (New York State Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতের উদ্দেশ্য শুধু একটি টেকসই পরিবেশ তৈরি করা নয়; সবুজ অর্থনীতিতে সমৃদ্ধি করতে পারবে এমন একটি বলীয়ান এবং স্থিতিস্থাপক কর্মীবাহিনী গঠনও এর উদ্দেশ্য। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, এই বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তির জন্য আবেদনের অনুরোধের মতো উদ্যোগসমূহ অর্থনৈতিক প্রবৃদ্ধিকে চালনা করছে, উদ্ভাবন সম্ভব করছে, এবং হাজার হাজার পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি প্রদান করছে।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation) অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের অধীনে আমাদের নবায়নযোগ্য শক্তির অভীষ্ট লক্ষ্য পূরণ করার ব্যাপারে এবং ভবিষ্যতের জন্য একটি পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি তৈরিতে এর কৌশলী প্রয়াস অগ্রসর করা অব্যাহত রাখছে। বৃহৎ আকারের বায়ু ও সৌর প্রকল্প সম্প্রসারণ করতে এবং জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরযোগ্যতা হ্রাস করতে, ভবিষ্যৎ প্রজন্মসমূহের জন্য আরো পরিচ্ছন্ন এবং আরো স্বাস্থ্যকর

একটি পরিবেশ নিশ্চিত করতে সাহায্য করার জন্য স্টেটের প্রতিশ্রুতিকে আজকের ঘোষণা প্রদর্শন করে।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগের (New York State Department of Agriculture and Markets) কমিশনার রিচার্ড এ. বল বলেন, "নতুন বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তির জন্য আবেদনের অনুরোধের আজকের ঘোষণাটি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের স্থানান্তরের একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ, এটি আমাদের প্রাকৃতিক সংস্থানকে সংরক্ষণ করবে এবং নিউ ইয়র্ককে এর উচ্চাকাঙ্ক্ষী শক্তি লক্ষ্য পূরণ করতে সাহায্য করবে। কৃষি ও ভূমি সংরক্ষণের জন্য মুখ্য প্রবিধান অন্তর্ভুক্ত করা NYSERDA এর 10 দফা কর্মপরিকল্পনাটি একটি সবুজতর অর্থনীতির ভিত্তি স্থাপন করতে স্টেটকে সাহায্য করবে এবং একই সাথে নিশ্চিত করবে যাতে আমরা আমাদের কৃষিজমিকে সুরক্ষিত রাখতে পারি।"

সিনেটে শক্তি ও টেলিযোগাযোগের প্রধান, স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "নতুন বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তির জন্য আবেদনের অনুরোধের ব্যাপারে গভর্নর হোকলের ঘোষণা হলো একটি টেকসই ভবিষ্যতের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতির ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপ। বায়ু ও সৌর শক্তিতে আমাদের স্থানান্তরকে ত্বরান্বিত করার মাধ্যমে আমরা শুধু 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুতের আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু আইনের লক্ষ্যকে অগ্রসর করছি না, বরং সেই সাথে পুরো স্টেটে অর্থনৈতিক প্রবৃদ্ধি সম্ভব করছি এবং সবুজ চাকরি তৈরি করছি। জলবায়ু পরিবর্তনের মোকাবেলায় নিউ ইয়র্কের নেতৃত্বকে এই উদ্যোগটি আরেকবার নিশ্চিত করে এবং অন্যান্য স্টেটের জন্য একটি শক্তিশালী অনুকরণীয় উদাহরণ স্থাপন করে।"

স্টেটের সিনেটর পিটার হারখ্যাম বলেন, "নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অগ্রসর করার জন্য এই আবেদনের অনুরোধের নেতৃত্ব প্রদানের জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর হোকল। পরিচ্ছন্ন নবায়নযোগ্য শক্তির মাধ্যমে একটি টেকসই ভবিষ্যৎ গঠন করার জন্য নির্বাহী এবং আইনসভা একমত আছে। এটি খেয়াল রাখা গুরুত্বপূর্ণ যে এক কিলোওয়াট পরিচ্ছন্ন শক্তি উৎপাদন এখন এক কিলোওয়াট কার্বনভিত্তিক শক্তি উৎপাদন থেকে সস্তা। এইসব বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের মাধ্যমে আমরা জলবায়ু পরিবর্তনের সমাধান করছি, করদাতাদের অর্থ সাশ্রয় করছি এবং নতুন সবুজ চাকরি তৈরি করছি।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ গ্লিক বলেন, "গ্রীষ্মকালের তাপ আমরা ইতিমধ্যে অনুভব করছি, যা সুস্পষ্ট করে দিয়েছে যে আমাদের বিদ্যুৎ আরো বেশি করে নবায়নযোগ্য উৎস থেকে উৎপাদন করার ক্ষেত্রে আমাদের হাতে সময় নেই। জীবাশ্ম জ্বালানির দ্বারা উৎপাদিত বিদ্যুতের উপর আমাদের নির্ভরশীলতা থেকে আমাদেরকে সরিয়ে আনার জন্য একটি আগ্রাসী পরিকল্পনা স্থির করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। নিউ ইয়র্ক স্টেটের উচিত এই নেতৃত্ব অব্যাহত রাখা এবং গভর্নরের প্রতিশ্রুতির কারণে নবায়নযোগ্য শক্তির সম্প্রসারণের মাধ্যমে আমরা পরিচ্ছন্নতর পরিবেশে স্থানান্তর দেখতে পারবো।"

নিউ ইয়র্ক ক্লিন এনার্জি অ্যালায়েন্সের (Alliance for Clean Energy New York) নির্বাহী পরিচালক মার্গারিটা ওয়েলস বলেন, "বেসরকারি নবায়নযোগ্য শক্তি নির্মাতারা নিউ ইয়র্কে বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করতে প্রস্তুত ও ইচ্ছুক, যা আমাদের স্থানীয়

মিউনিসিপ্যালিটিসমূহের জন্য চাকরি ও কর রাজস্ব প্রদান করবে। এই প্রস্তাবনার অনুরোধ থেকে আমরা বহু সংখ্যক মানসম্পন্ন সাড়া পাবো বলে আশা করছি, এবং যত দ্রুত সম্ভব নিউ ইয়র্কবাসীদের জন্য কল্যাণ নিয়ে আসার জন্য দ্রুতগতিতে নির্মিত হবে এমন প্রকল্পের প্রতি NYSERDA এর অর্থদান দেখার জন্য আমরা উন্মুখ।"

নিউ ইয়র্ক কনজার্ভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "আমরা আরেকটি রেকর্ড ভাঙ্গা তাপ এবং বাতাসের মান সতর্কতার গ্রীষ্মকালে প্রবেশ করতে যাচ্ছি, তাই জলবায়ু সঙ্কট মোকাবেলা করার জরুরি প্রয়োজন আগে কখনোই এতো প্রকট ছিলো না। জীবাশ্ম জ্বালানি থেকে সরে আসার এবং পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করার সময় এসেছে এবং এই আবেদনের অনুরোধ তা করতে সাহায্য করবে। এই অগ্রগতির জন্য আমরা গভর্নর হোকল এবং NYSERDA এর প্রশংসা করছি কারণ ভূমিভিত্তিক বায়ু ও সৌর শক্তি প্রকল্পের অর্থ হলো আরো কম গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ এবং নিউ ইয়র্কবাসীর জন্য আরো উত্তম বাতাসের মান।"

নিউ ইয়র্ক স্টেট AFL-CIO প্রেসিডেন্ট মারিও সিলেন্টো বলেন, "নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জন করার ব্যাপারে আজকের ঘোষণাটি একটি উল্লেখযোগ্য ধাপ। প্রকল্পগুলি যে নজির সৃষ্টিকারী শ্রম মানদণ্ড এবং সুরক্ষা অনুসরণ করবে তা নিশ্চিত করার জন্য আমরা গভর্নর হোকল এবং NYSERDA এর প্রশংসা করছি। এইসব মানদণ্ড এবং একই সাথে অভ্যন্তরীণ ও নিউ ইয়র্কের বিষয়বস্তু আবশ্যিকতা ও অগ্রাধিকারের সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করার জন্য একত্রে কাজ করতে আমরা উন্মুখ যাতে করে আমরা পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করতে পারি এবং একই সাথে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ গঠন করতে পারি।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং ট্রেডসের (New York State Building Trades) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "নিউ ইয়র্ক CLCPA দ্বারা নির্ধারিত শক্তি লক্ষ্য অর্জন করা অব্যাহত রেখেছে, তাই আমাদেরকে এমন বৃহৎ আকারের বায়ু ও সৌর ডেভেলপমেন্ট অগ্রসর করতে হবে যারা হাজার হাজার পরিবার টিকিয়ে রাখার ইউনিয়ন ক্যারিয়ার এবং আমাদের স্থানীয় সম্প্রদায়সমূহে অর্থনৈতিক উদ্দীপনা তৈরি করবে। আরো নিউ ইয়র্কবাসীকে নির্ভরযোগ্য, নবায়নযোগ্য শক্তি সরবরাহ করা সমর্থন করার এইসব উদ্যোগকে অগ্রসর করা অব্যাহত রাখার জন্য এবং আগামী বহু প্রজন্মের জন্য আমাদের স্টেটে জীবনযাত্রার পরিস্থিতিকে উন্নত করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি। এইসব প্রকল্পে অবদান রাখার সুযোগ পাওয়ার জন্য এবং এগুলি তাদের জন্য যে মধ্যবিত্ত শ্রেণীতে প্রবেশ করার পথ তৈরি করতে পারবে তা পাওয়ার জন্য আমাদের সদস্যরা উন্মুখ।"

ন্যাশনাল রিসোর্সেস ডিফেন্স কাউন্সিলের (National Resources Defense Council) পরিচালক জ্যাকসন মরিস বলেন, "নতুন বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য 2024 সালের আবেদনের অনুরোধের সূচনা, যেখানে প্রস্তাবনা জমা দেওয়ার শেষ তারিখ 2024 সালের আগস্ট মাস, এটি এম্পায়ার উইন্ড 1 (Empire Wind 1) এবং সানরাইজ উইন্ডের (Sunrise Wind) জন্য সফল অফশোর বায়ু অর্থদানের গতিবেগের অনুবর্তী এবং এটি বাতিল করা প্রকল্পের প্রতিস্থাপন করার একটি গুরুত্বপূর্ণ সুযোগ প্রদান করে যাতে করে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ অর্জনের আমাদের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য পূরণে নিউ ইয়র্ক

সঠিক পথে থাকতে পারে। এইসব নবায়নযোগ্য প্রকল্পকে ত্বরান্বিত করা হলে তা পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতির উপর জোর প্রদান করবে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্নতর বায়ু, আরো ভালো চাকরি, এবং একই আরো স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করবে।"

আমেরিকান ক্লিন পাওয়ারের (American Clean Power) ইস্টার্ন স্টেট অ্যাফেয়ার্সের পরিচালক ময়রা সাইফার্স বলেন, নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যকে সঠিক পথে রাখতে NYSERDA এর প্রতিক্রিয়াশীলতা এবং সক্রিয় প্রয়াসের জন্য আমরা তাদের প্রশংসা করছি।" পুরো স্টেটে নতুন বিনিয়োগের সুযোগ আকৃষ্ট করা এবং ভালো বেতনের চাকরি তৈরি করা পরিচ্ছন্ন শক্তি অধিগ্রহণ করাকে ত্বরান্বিত করার জন্য গুরুত্বপূর্ণ অগ্রগতি চালনা করতে গভর্নর হোকলের নেতৃত্ব অনস্বীকার্য।"

সিটিজেন্স ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের (Citizens Campaign for the Environment, CCE) নির্বাহী পরিচালক এড্রিয়ান এস্পোজিটো বলেন, "গভর্নর হোকলের আকর্ষণীয় ঘোষণা হলো নিউ ইয়র্কের নবায়নযোগ্য শক্তি খাতে আরো একটি অগ্রগতি! শুধু নতুন বৃহৎ আকারের বায়ু ও সৌর প্রকল্প অগ্রসর করার মাধ্যমে আমরা স্টেটের নবায়নযোগ্য শক্তির জলবায়ু আইন লক্ষ্যসমূহ পূরণ করতে পারবো। জুনের মাঝামাঝি সময়ে এই বছরের হিট ওয়েভ হলো আরো একটি স্পষ্ট নির্দেশক যে অপরিচ্ছন্ন জীবাশ্ম জ্বালানির প্রতি আমাদের চলমান নির্ভরশীলতার কারণে পুরো নিউ ইয়র্কে জলবায়ু পরিবর্তনের প্রভাব দেখা যাচ্ছে। আমাদের শক্তি উৎপাদনকে আমাদের অবশ্যই স্থানান্তর করতে হবে এবং ভূমিভিত্তিক বায়ু ও সৌর শক্তি প্রকল্পসমূহ হলো সেই স্থানান্তরের মুখ্য উপাদান। সকল বাসিন্দাদের জন্য পরিচ্ছন্ন সাশ্রয়ী শক্তি প্রদান করা এবং একই সাথে জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করা, অর্থনীতি বলীয়ান করা, এবং হাজার হাজার সবুজ চাকরি তৈরি করার প্রতি স্টেটের প্রতিশ্রুতির উদাহরণ আজকের ঘোষণা। নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ উজ্জ্বল।"

নিউ ইয়র্ক সোলার এনার্জি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের (New York Solar Energy Industries Association) নির্বাহী পরিচালক নোয়াহ জিন্সবার্গ বলেন, "স্টেটব্যাপী নিউ ইয়র্কবাসীরা চরম তাপ এবং বর্ধিষ্ণু বিদ্যুৎ বিল নিয়ে হিমশিম খাচ্ছে, তাই নবায়নযোগ্য শক্তি সংযোজন ত্বরান্বিত করা এর আগে কখনোই এতো জরুরি ছিলো না। জলবায়ু আইনের পরিচ্ছন্ন শক্তি এবং সমতার বাধ্যবাধকতা অর্জন করার ব্যাপারে NYSERDA এবং গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য নিউ ইয়র্ক সোলার এনার্জি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন তাদের প্রশংসা করছে। সৌর সংযোজনের মাত্রা বৃদ্ধি করা হলো নিউ ইয়র্কের শক্তি স্থানান্তরের জন্য মৌলিক, এবং আমাদের সদস্য কোম্পানিসমূহ এবং সৌর কর্মীবাহিনী প্রস্তুত আছে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও ক্লিন এনার্জি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং

অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন